

💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ তারাবীহর সালাত রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি নিয়মিত প্রত্যহ জামা'আতের সাথে তারাবীহ পড়তেন?

না। সাহাবায়ে কিরাম দুই বা তিন রাত্রি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম'র ইমামতিতে তারাবীহ পড়েছিলেন। উম্মাতের উপর এ সালাত ফর্য হয়ে যাওয়ার আশক্ষায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরে জামাআতের সাথে মসজিদে তারাবীহ পড়া ছেড়ে দিয়েছিলেন। তিনি বলেন,

অর্থাৎ (তারাবীহর সালাতে মসজিদে তোমরা একত্রিত হয়ে আমার জন্য যেভাবে অপেক্ষা করছিলে তা সবই আমি দেখেছি) কিন্তু আমার ভয় হচ্ছিল (আমি নিয়মিত এ সালাত আদায় করলে) তা তোমাদের জন্য ফর্য হয়ে যেতে পারে। সে কারণে আমি (এ সালাতের জন্য) ঘর থেকে বের হইনি। আর এ ঘটনাটি ছিল রম্যান মাসের (কোন এক রাতে)। (বুখারী: ২০১২; মুসলিম: ৭৬১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2556

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন